

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

নথি নং-০৯.৩১২.০১৯.০৩.০০.০১৭.২০১০/৩৭০

তারিখঃ ১৬/০৮/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ


যেহেতু মিজ বনানী শীল-কে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-মুবিম/প্র-৩/প্রত্যয়ন পত্র/০৯/২৩৯/১১৬৮ তারিখঃ ১০/১১/২০০৯ সংখ্যক পত্রে সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২৮ এপ্রিল, ২০১০ তারিখের ০৯.৩১২.০১১.১৭.০১.১৭৫.২০০৯.৮৬৮ নম্বর স্মারকমূলে সাঁট-মুদ্রাস্ফরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে নিয়োগ দেয়া হয়। তিনি ২৪ মে, ২০১০ তারিখে উক্ত পদে যোগদান করেন।

২। যেহেতু মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের দাখিলকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত কাগজপত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রত্যয়নের বিধান রয়েছে সে মোতাবেক এ বিভাগের স্মারক নম্বর-০৯.৩১২.০১৮.২৭.০০.০০১.২০০৯/১৯১ তারিখঃ ০৪/০৪/২০১৩ তাঁর দাখিলকৃত কাগজপত্র প্রত্যয়নের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত পত্রের কোন জবাব না পাওয়ায় আবারও ১৪/০৫/২০১৪ তারিখে ০৯.৩১২.০১৮.২৭.০০.০০১.২০০৯/৩৩৬ নম্বর স্মারকে একটি তাগিদ পত্র প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.৫০.০০৯.১৩-৮২০ তারিখঃ ১৩/০৭/২০১৪ এর মাধ্যমে প্রেরণকৃত ছক পূরণপূর্বক তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করে। সে অনুযায়ী এ বিভাগের ১৯/০৮/২০১৪ তারিখের ০৯.৩১২.০১৮.২৭.০০.০০১. ২০০৯/৫২৪ নম্বর স্মারক এর মাধ্যমে চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়।

৩। যেহেতু দীর্ঘদিন এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে কোন প্রত্যয়ন/মতামত না পাওয়ায় বিষয়টি নিষ্পত্তির জন্য স্মারক নম্বর-০৯.৩১২.০১৯.০৩.০০.০১৭.২০১০/৩০৯ তারিখঃ ১৮/০৭/২০১৬ এর মাধ্যমে পুনরায় একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় মিজ বনানী শীল কর্তৃক দাখিলকৃত কাগজপত্রের সঠিকতা যাচাইক্রমে এই মর্মে মতামত প্রদান করে যে, “জনাব সুধীর কুমার শীল, পিতা: ভুবনেশ্বর শীল, উপজেলা-বাকেরগঞ্জ, জেলা: বরিশাল এর মুক্তিযোদ্ধার সমর্থনে কোন গ্রহণযোগ্য প্রমানক না থাকায় তাঁকে মুক্তিযোদ্ধা হিসাবে প্রত্যয়ন করার সুযোগ নেই। একইসাথে কোন বৈধ কাগজপত্র না থাকা সত্ত্বেও ভূয়া তথ্য প্রদান করে নিজেকে মুক্তিযোদ্ধা/সন্তান হিসেবে দাবী করায় তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করে”।


৪। সেহেতু, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৬/০৭/২০১৬ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১১.৩৭০০.২০১৬/১১০৭ নং স্মারকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় মিজ বনানী শীল-কে মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে প্রত্যয়ন না করায় তাঁকে চাকুরি হতে নির্দেশক্রমে অপসারণ (removal from service) করা হ’ল।

৫। এ আদেশ ০১/০৮/২০১৬ তারিখ হতে কার্যকর হবে।


(সেখ আব্দুস সাভার)
সহকারী সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (বিষয়টি তাঁর মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১১.৩৭০০.২০১৬/১১০৭, তারিখঃ ২৬/০৭/২০১৬ এর সাথে সংশ্লিষ্ট)
- ২। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। মির্জা বনানী শীল, পিতা: সুধীর কুমার শীল, গ্রাম: সাহেবগঞ্জ, ডাকঘর: সাহেবগঞ্জ, থানা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
- ১০। ব্যক্তিগত নথি।


(সেখ আব্দুস সত্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯